

Seventh Round of Foreign Office consultations between India and Chile(14 September, 2021)

September 14, 2021

ভারত এবং চিলির মধ্যে বিদেশ দপ্তরের সপ্তম দফার পরামর্শ (14 সেপ্টেম্বর, 2021)

সেপ্টেম্বর 14, 2021

ভারত এবং চিলির মধ্যে বিদেশ দপ্তরের সপ্তম দফার (এফওসি) পরামর্শ 14ই সেপ্টেম্বর 2021 -এ স্যান্টিয়াগোতে অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রীমতি রিভা গাঙ্গুলী দাস, সচিব(পূর্ব), এবং চিলির প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন চিলির পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের উপ-মন্ত্রী শ্রীমতি ক্যারোলিনা ভালডিভিয়া টোরোস।

2. এফওসি চলাকালীন, উভয় তরফ তাদের দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করেছেন, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, কৃষি, স্বাস্থ্য ও ঔষধপত্র, শক্তি, মহাকাশ, দক্ষিণমেরুতে সহযোগিতা, বিপর্যয় মোকাবিলা, সংস্কৃতি ও বাণিজ্য সংক্রান্ত বিষয়।

3. উভয় পক্ষ কোভিড-19 পরিস্থিতির উপরে এবং অতিমারীর পরে অর্থনৈতিক পুনরুদ্ধারে বাণিজ্য এবং বিনিয়োগ অংশদারিত্বকে বাড়াবার সম্ভাবনাগুলি নিয়ে তাদের মত বিনিময় করেছেন।

4. উভয় পক্ষই স্বীকার করেছেন যে ভারত-চিলি সম্পর্কের ক্ষেত্রে বাণিজ্য একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ এবং 2006 -এ সাক্ষরিত ও 2017 -তে প্রসারিত হওয়া অগ্রাধিকার বাণিজ্য চুক্তির আরও প্রসারের জন্য জারি থাকা ঐকমত্যে দুই পক্ষ সন্তোষ প্রকাশ করেছেন।

5. দুই তরফই রাষ্ট্রপুঞ্জ সহযোগিতা সহ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলির উপরে তাদের মত বিনিময় করেছেন এবং বহুপাক্ষিক ক্ষেত্রে পরস্পর পরস্পরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার ক্ষেত্রে একমত হয়েছেন।

6. বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে আলোচনা সম্পন্ন হয়েছে। দুই পক্ষই প্রতিষ্ঠিত দ্বিপাক্ষিক কার্যপ্রক্রিয়ার মাধ্যমে পারস্পরিক স্বার্থের ক্ষেত্রে আলোচনার গतिकে রক্ষা করতে সহমত হয়েছেন। উভয় পক্ষ পরবর্তী এফওসি বৈঠক দিল্লিতে অনুষ্ঠিত হবার জন্য একমত হয়েছেন।

স্যান্টিয়াগো

সেপ্টেম্বর14,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.